৩৬

দৈনিক খবর

৩১

তারিখ ... 13 JAN 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# উঃ বঙ্গের প্রত্যন্ত এলাকার শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে ফলপ্রসূ সফর

ঢাকাঃ উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদ, বাংলাদেশ বেসরকারী এতিমখানা সমিতি ও গোবিন্দগঞ্জ সমিতির উদ্যোগে উত্তরবঙ্গের প্রান্তিক ও প্রত্যন্ত এলাকার শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়নের উদ্দেশ্যে ফলপ্রসূ সফর অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া কর্তৃক তিন বিঘা করিডোর উন্মুক্তকরণ চুক্তির পরে সচিব পর্যায়ে এটাই গুরুত্বপূর্ণ সফর।

শিক্ষা সচিব শফিউল আলম নেতৃবৃন্দসহ ৯ই জানুয়ারী বিকেলে তিন বিঘা করিডোর অতিক্রম করে দহগ্রামের বঙ্গবাজার জুনিয়র হাই স্কুলে উপস্থিত হন। বঙ্গবাজার স্কুলে এক সম্বর্ধনা অনুষ্ঠানে এলাকার চেয়ারম্যান তফিজ উদ্দিন আহমেদ স্বাগত ভাষণে দহগ্রাম আঙ্গরপোতার অবহেলিত এলাকার কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য সচিব মহোদয়ের নিকট আবেদন জানান। গোবিন্দগঞ্জ সমিতি এবং উত্তরবঙ্গ উন্নয়ন পরিষদের মহাসচিব এম এ মোত্তালিব দহগ্রাম–আঙ্গরপোতার জনগণের চলাচলের সুবিধার্থে বর্তমান সরকার তিনবিঘা করিডোর খোলার বিষয়ে যে পদক্ষেপ গ্রহণ করেছেন সে জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে এই এলাকার উন্নয়নে পদক্ষেপগ্রহণের অনুরোধ জানান। প্রধানমন্ত্রী এ অঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উন্নয়নে যে নির্দেশ প্রদান করছেন তা জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য তিনি সচিবকে অনুরোধ জানান। জনাব মোত্তালিব উত্তরবঙ্গ উন্নয়নে পরিষদের পক্ষ থেকে এ এলাকার বিভিন্ন সমস্যাবলী সরকারের নিকট তুলে ধরার প্রতিশ্রুতি প্রদান করেন এবং সরকারের সাথে সহযোগিতা করার জন্য এলাকাবাসীকে আহবান জানান। এছাড়া তিনি বাংলাদেশের বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনকে এই এলাকার উন্নয়নে এগিয়ে আসার আহবান জানান। লালমনিরহাট জেলা প্রশাসক খলিলুর রহমান সচিব মহোদয়ের উপস্থিতিতে কৃতজ্ঞতা প্রকাশ করে এলাকার উন্নয়নে বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে সহযোগিতার জন্য অনুরোধ জ্ঞাপন করেন।

শিক্ষা সচিব শফিউল আলম দহগ্রাম–আঙ্গরপোতাবাসীদের আন্তরিকতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে বর্তমান সরকারের শিক্ষা নীতির বিভিন্ন দিক আলোকপাত করেন এবং এলাকার শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি বঙ্গবাজার নিম্নমাধ্যমিক বিদ্যালয়টিকে হাই স্কুলে পরিণত করার ক্ষেত্রে বর্তমান সরকার যে পদক্ষেপ গ্রহণ করেছেন তা ত্বরান্বিত করার ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখার আশ্বাস প্রদান করেন। খবর প্রেস বিজ্ঞপ্তির